



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

অমর একুশে গ্রন্থমেলা ২০২০-এ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত
তিনটি গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠিত



অমর একুশে গ্রন্থমেলা ২০২০-এ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত তিনটি গবেষণধর্মী গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠান আজ (২৯ ফেব্রুয়ারি-২০২০, বিকাল ৫টা) গ্রন্থমেলায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় স্টল (স্টল # ৪৯) সংলগ্ন মোড়ক উন্মোচন মঞ্চে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে গ্রন্থসমূহের মোড়ক উন্মোচন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস এর সঞ্চালনায় মোড়ক উন্মোচন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. মোঃ আহিদুজ্জামান, জগন্নাথ

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষ্ঠানের দিন, বিভাগের চেয়ারম্যান, সংশ্লিষ্ট গ্রন্থসমূহের লেখক এবং বিভিন্ন বিভাগের শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ এবং নবযুগ প্রকাশনীর প্রকাশক।

গবেষণাধর্মী প্রকাশিত গ্রন্থসমূহ হচ্ছে- ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ নজরুল ইসলাম এর ‘ইসলামে প্রতিবন্ধীদের অধিকার ও মর্যাদা’, খুলনা সরকারী বিএল কলেজের মনোবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. এস. এম. আজিজুল ইসলাম ও মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন রচিত ‘Crowding and Mental Health in Dhaka City’ এবং সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. সাবিনা শরমীন এর ‘Juvenile Delinquency in Bangladesh: Dynamics and Legal Implications’।

উল্লেখ্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ের রূপদানের লক্ষ্যে ২০১৭ সালে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষকদের গবেষণাধর্মী পাণ্ডুলিপি প্রকাশের উদ্যোগ গ্রহণ করে। এরই ধারাবাহিকতায় ২০১৭ সালে ও ২০১৮ সালে পাঁচটি করে মোট দশটি গবেষণাধর্মী গ্রন্থ প্রকাশ করেছে। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের আর কয়েকটি গবেষণাধর্মী গ্রন্থ অতিশীঘ্রই প্রকাশিত হবে।